মেহেরপুরের আমঝুপিতে মহিলাসহ দুইজনকে পিটিয়ে জখম, থানায় মামলা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে রোজিনা খাতুন ও মনিরুল ইসলাম নামের দুজনকে বেধড়ক মারপিট করার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে।

গত ২০ অক্টোবর রাতে রোজিনা খাতুন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় আসামি করা হয়েছে, আমঝুপি উত্তরপাড়ার আব্দুল লতিফ, তার ছেলে মেহেদী হাসান ও আমির হাসান হিমেলকে। মামলায় অজ্ঞাত আরও ১০/১২ জনকে আসামি করা হয়েছে।

মামলার বাদী রোজিনা খাতুন এজাহারে উল্লেখ করেন, আসামিদের সাথে জমিজমার বিষয় নিয়ে পূর্ব হইতে বিরোধ চলে আসছে। আসামিরা প্রতিনিয়ত তাদের বিভিন্নভাবে হেও প্রতিপন্নসহ খুন-জখমের হুমকি প্রদান করিয়া আসিতেছে। জমিজমা সংক্রান্তে আসামিদের বিরুদ্ধে মেহেরপুর আদালতে মামলা দায়ের করলে আদালত ১৪৫ ধারা জারি করিয়া স্ব-স্বস্থানে থাকার জন্য উভয়পক্ষকে নোটিশ প্রদান করে। আসামিরা আদালতের আদেশ অমান্য করে গত ২০ অক্টোবর দুপুরের দিকে তাদের ভাড়াকরা গুন্ডা বাহিনী নিয়ে বাদীর দখলীয় জমিতে অনধিকার প্রবেশ করে জোর পূর্বক বাড়ী নির্মাণ করতে যায়। এসময় বাদী বাধা প্রদান করলে আসামিরা একত্রে বাদীকে উদ্দেশ্যে করিয়া বিভিন্ন রকম খারাপ ভাষায় গালিগালাজ করে। বাদী আসামিদেরকে গালিগালাজ করিতে নিষেধ করলে আসামি মেহেদী হাসান মারতে হুকুম দিলে আসামি আমির হাসান দৌড়ে এসে আমাকে এলোপাতাড়ি কিল-ঘুষি মারতে থাকে এবং আমার মাথার চুল চেপে ধরে মাটিতে টানাহেচড়া করে নিয়ে বেড়ায় ও আমার পরনের কাপড়-চোপড় বিবস্ত্র করে শ্লীলতাহানী করে। তখন আমার চিৎকারে আমার দেবর মনিরুল ইসলাম চঞ্চল আমাকে উদ্ধার করতে যায়।

এসময় আসামি আমির হাসান হিমেল ও আব্দুল লতিফ বাঁশের লাঠি দিয়ে এলোপাতাড়ি আঘাত করিয়া শরীরের বিভিন্নস্থোনে আঘাত করে জখম করে। ওই আঘাতের ফলে আমি মাটিতে পড়ে গেলে আসামী মেহেদী হাসান তার হাতে থাকা বাঁশের লাঠি দিয়ে হত্যার উদ্দেশ্যে মাথা বরাবর আঘাত করতে গেলে আমি আমার মাথা সরিয়ে নিলে আমার ডান চোখের উপরে লেগে আমার

চোখ অন্ধ হওয়ার উপক্রম হয়। আমাদের চিৎকারে আশেপাশের লোকজন ছুটে আসলে আসামিরা পালিয়ে যায় এবং আমাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে।

আমঝুপিতে বিশ্ব শিক্ষক দিবসে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে আজ সোমবার সকাল ১০ টার দিকে আমঝুপিতে এক র্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযান (CAMPE) ও মানব উন্নয়ন কেন্দ্র (মউক) যৌথ ভাবে এই সভার আয়োজন করে। মউকের হলরুমে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি অধ্যাপক সাইদুর রহমানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক মো: আসাদুল ইসলাম।

এ সময় মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম র্কমসূচীর লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন।

বিশেষ অতিথি হিসাবে আরো বক্তব্য রাখেন উপজেলা সমাজ সেবা অফিসার মো: আনিছুর রহমান, বাংলাদেশ সরকারি প্রথমিক শিক্ষক এ্যাসেসিয়েশন জেলা সভাপতি নাজমুল হক লিটন, সাধারন সম্পাদক মো: আসাদুল হক, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সোহেল রানা।

আলোচনায় আরো অংশ গ্রহন করেন নুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইয়াছ নবী, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রকিব।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন মানবাধীকার কর্মী সাদ আহম্মেদ। অনুষ্ঠানের আগে একটি র্যালী আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিন করে।

‘আমাদের সিস্টেমই খারাপ, যে কারণে প্রশ্ন ফাঁস হয়েছে’

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ক্লাস্টারের পঞ্চম শ্রেণির অর্ধবার্ষিক মূল্যায়নের ইংরেজি প্রশ্নপত্র ফাঁস হয়েছে। প্রশ্নপত্র ফাঁসের বিষয়ে আমঝুপি ক্লাস্টারের দায়িত্বপ্রাপ্ত রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ জাহিদুল ইসলাম, প্রশ্ন কম্পোজকারী কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোহাম্মদ আজাহার আলী ও ইংরেজি শিক্ষিকা শাহনাজ পারভীন জড়িত আছেন বলে অভিযোগ উঠেছে।

গত বৃহস্পতিবার কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ক্লাস নেয়ার সময় শিক্ষকের বইয়ের মধ্য থেকে পরীক্ষার তিন দিন আগেই প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি নজরে আসে প্রধান শিক্ষক নাজমুল হকের। এ ঘটনায় পরীক্ষা স্থগিত করা হলেও উপজেলা শিক্ষা অফিসার বলেছেন সিস্টেম খারাপের কারণে প্রশ্নপত্র ফাঁস হয়। তবে প্রশ্ন ফাঁসের অভিযোগের কারো বিরুদ্ধে কোন ব্যবস্থা না নেওয়ায় সমালোচনা সৃষ্টি হয়েছে।

বিদ্যালয় সূত্রে জানা যায়, গত বুধবার কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা (ইংরেজি) শাহনাজ পারভীন ছুটি নিলে বৃহস্পতিবারের ইংরেজি ক্লাস নিচ্ছিলেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক নাজমুল হক। পাঠদানের সময় তিনি ইংরেজি বইয়ের মধ্যে প্রশ্নপত্রটি পান। বিষয়টি তিনি আমঝুপি ক্লাস্টারের সহকারী উপজেলা শিক্ষা অফিসার এস এম জয়নুল ইসলামকে অবগতি করেন।

এ বিষয়ে জয়নুল ইসলাম বলেন, বৃহস্পতিবার বেলা ১১টার দিকে মেহেরপুর সদরের চাঁদবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রশ্ন কমিটিতে দায়িত্ব থাকা রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ জাহিদুল ইসলামের নিকট থেকে আমঝুপি ক্লাস্টারের ২৭টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ প্রশ্ন নিতে যান। ফাঁস হওয়া প্রশ্নের সঙ্গে বৃহস্পতিবার প্রেরিত প্রশ্নের হুবহু মিল রয়েছে।

জয়নুল ইসলাম আরও জানান, এ ঘটনায় পঞ্চম শ্রেণির ইংরেজি পরীক্ষা

সাময়িক স্থগিত করা হয়েছে। তবে অভিযুক্ত প্রধান শিক্ষক জাহিদুল ইসলামের সাথে যোগাযোগ করা চেষ্টা করা হলে তিনি ফোন রিসিভ করেননি।

মেহেরপুর সদরের ভারপ্রাপ্ত উপজেলা শিক্ষা কর্মকর্তা আশরাফুল আলম মেহেরপুর প্রতিদিনকে বলেন, আমাদের সিস্টেমই খারাপ, যে কারণেই প্রশ্ন ফাঁস হয়েছে। ক্লাস্টারের দায়িত্বরতরা মনে হয়ে ছেলে-পেলেদের হাতে আগে থেকে প্রশ্ন দিয়েছে, তারাই হয়তো ফাঁস করেছে। তবে ওই পরীক্ষা স্থগিত করা হয়েছে।

এদিকে, সংশ্লিষ্ট মহল শিক্ষাব্যবস্থাকে টিকিয়ে রাখার জন্য এবং এই অপরাধের সাথে যারা সম্পৃক্ত, সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাদেরকে বিচারের আওতায় আনার জন্য জোর দাবি জানিয়েছেন।

মেহেরপুরের আমঝুপি ও মহাজনপুর ইউপি নির্বাচনের তফসিল ঘোষণা

আগামী ২৭ জুলাই মেহেরপুর জেলার দুটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও তিনটি ওয়ার্ডের সাধারণ সদস্য পদের উপনির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন।
এগুলো হলো মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন ও মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে এবং সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ওয়ার্ড সদস্য, মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ওয়ার্ড সদস্য এবং গাংনী উপজেলার কাথুলি ইউনিয়নের ওয়ার্ড সদস্য পদ।
বৃহস্পতিবার (২৭ জুন) মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং কর্মকর্তা মোহাম্মদ ওয়ালীউল্লাহ এই সংক্রান্ত তফশীল ঘোষণা করেন।
ঘোষিত তফসিল অনুযায়ী ৪ জুলাই রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্র দাখিল, ৫ জুলাই মনোনয়নপত্র বাছাই, ৬ জুলাই মনোনয়নপত্র বাছায়ে রিটার্নিং অফিসারের আদেশের বিরুদ্ধে আপিল, ৯ জুলাই আপিলের নিষ্পত্তি, ১০ জুলাই প্রার্থিতা প্রত্যাহার, ১১ জুলাই প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দে এবং ২৭ জুলাই নির্বাচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নুর মৃত্যু জনিত কারণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদ শূন্য হয়। এছাড়া মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু উপজেলা প্রার্থী হওয়ায় মহাজনপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদটি শূন্য হয়। অপরদিকে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন, মুজিবনগর উপজেলার মোনাখালী এবং গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের তিনজন সদস্য’র মৃত্যুজনিত কারণে ওয়ার্ডগুলি শূন্য হয়।
এসব পদের নির্বাচন ২৭ জুলাই অনুষ্ঠিত হবে।

আমঝুপিতে নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সংবর্ধণা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে সদর উপজেলার নবনির্বাচিত চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের সংবর্ধণা দেওয়া হয়েছে।

শুক্রবার বিকালে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগ কার্যালয় প্রাঙ্গনে এ সংবর্ধণা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংবর্ধিত চেয়ারম্যান মো: আনারুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ভাইস চেয়ারম্যান আবুল হাশেম, মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন্নেছা লতা।

অন্যদের মধ্যে বক্তব্য দেন সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়ন চেয়ারম্যান মোমিনুল ইসলাম, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামান চৌধুরী, শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যান মতিউর রহমান, আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, আমঝুপি ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগ সভাপতি মিনারুল ইসলাম, আমঝুপি ইউনিয়ন কৃষক লীগ সভাপতি মাহবুবুল হক, আমঝুপি ইউনিয়নের প্রয়াত চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর ছেলে সেলিম রেজা

প্রমুখ।

সংবর্ধণা অনুষ্ঠানে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবক লীগ ও কৃষকলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে সরকারি রাস্তা দখলের অভিযোগ

মেহেরপুরের আমঝুপিতে অবৈধভাবে সরকারি রাস্তা দখল করে খুঁটি পুঁতে রেখেছে বলে অভিযোগ উঠেছে স্থানীয় কয়েকজনের বিরুদ্ধে। এবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বরাবর অভিযোগ করেছেন এলাকাবাসী।

অভিযোগ সুত্রে জানা যায়, মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের ৫ নং ওয়ার্ডের মোস্তাক মেম্বারের বাড়ির কাছ থেকে গন্ধরাজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ১ কিলোমিটার রাস্তাটির শেষ মাথায় জুল্লুর রহমান, হাফিজুর রহমান কটা, মজিবুর রহমান কান্দু তিন ভাই মিলে রাস্তায় অবৈধভাবে খুঁটি গেরে অর্ধেক রাস্তা দখল করে রেখেছে। এলাকাবাসী বারবার খুঁটে তুলে নেওয়ার কথা বললেও জোরপূর্বক খুঁটিটি না তুলে জনসাধারণের চলার পথটি বাঁধাগ্রস্ত করে রেখেছে। এই নিয়ে স্থানীয়ভাবে ফয়সালা করার ব্যবস্থা করলেও তারা মানতে নারাজ।

স্থানীয় এক বাসিন্দা জানান, স্কুলের ছাত্র ছাত্রী, মাদ্রাসা ছাত্র ছাত্রী, মসজিদের মুসল্লী এবং এলাকাবাসীকে প্রতিনিয়ত চলাচলে বাধাগ্রস্ত হতে হচ্ছে পথটি খুঁটি দিয়ে দখলে নেওয়ার জন্য। রাস্তাটি দ্রুত খুঁটি মুক্ত করতে পারলে সকলেই স্বাচ্ছন্দে চলাচল করতে পারবে।

এবিষয়ে অভিযুক্তদের ফোনে একাধিকবার ফোন দেয়া হলেও তারা ফোনটি রিসিভ করেননি।

এদিকে দ্রুত সমস্যাটি সমাধান করে রাস্তাটিকে খুঁটি মুক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার নিকট দাবি জানিয়েছেন এলাকার

জনসাধারন।

আমঝুপিতে উপজেলা ডাইলগ সভা ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত

শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন উইক ফর এডুকেশন-২০২৪ উদযাপন উপলক্ষে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে গত বুধবার সকাল ১০ টার সময় উপজেলা ডায়লগ সভা ও মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এ সভার আয়োজন করে।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি সাইদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন।

বিশেষ অতিথি ছিলেন সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ আতাউর রহমান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম।

এবারের শিক্ষা বিষয়ক গ্লোবাল অ্যাকশন সপ্তাহের থিম হচ্ছে-Transformative Education! (শিক্ষায় রূপান্তর)। শিক্ষার রয়েছে বাস্তবতাকে রূপান্তরিত করার বিশাল ক্ষমতা। জিসিই-এর মূল এডভোকেসি হচ্ছে, রূপান্তরমূলক শিক্ষার সমর্থনে কাজ করা। বক্তারা রূপান্তমূলক শিক্ষা সামাজিক ন্যায়বিচার, টেকসই উন্নয়ন এবং ব্যক্তি ও সমষ্টিগত স্বাধীনতাকে চালিত করে। শিক্ষা বিস্তারের মাধ্যমে শান্তি, মূল্যবোধ, জ্ঞান, দৃষ্টিভঙ্গি, দক্ষতা, আচরণ গড়ে তোলার জন্য নিজেকে ও অন্যদের উন্নয়ন এবং পরিবেশের উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপুর্ণ অবদান রাখতে পারবে বলে জানান।

“এ বিষয়ে উন্মুক্ত আলোচনা করেন শিক্ষক আবু লায়েছ, সমাজসেবক আ: রকিব, পৌর কাউন্সিলর আ: রহিমসহ বিভিন্ন শ্রেণী পেশার ৫৫জন

প্রতিনিধি উপস্থিত ছিলেন।

মানবাধীকার কর্মী মোছাঃ কাজল রেখার সঞ্চারনায় অনুষ্ঠানে কী-নোট পেপার পাঠ করেন মউক এর প্রোগ্রাম অফিসার রিচার্ড রিমন মন্ডল।

আমঝুপিতে মুকুল ফাউণ্ডেশনের শাড়ি-কাপড় বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মুকুল ফাউন্ডেশনের উদ্যোগে পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে শাড়ী- কাপড় বিতরণ করা হয়েছে।

রবিবার সকালে ফাউন্ডেশনের কার্যালয় প্রাঙ্গনে শাড়ি কাপড় বিতরণের উদ্বোধন করা হয়।

মুকুল ফাউন্ডেশনের চেয়ারম্যান প্রকৌশলী জিয়াউর রহমান মুকুল (ভার্চুয়াল) শাড়ি কাপড় বিতরণের উদ্বোধন করেন।

জিয়াউর রহমানের পিতা জহিরুল ইসলাম খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন মুজিবনগর ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল জলিল, বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান, সেলিম রেজা, সাইদুর রহমান, মতিউল আশরাফ, আসাদুজ্জামান লিটন, আখতার হোসেন, রিকো প্রমূখ।

অনুষ্ঠানে আমঝুপি গ্রামে অসহায় ও দুস্থদের মাঝে এসকল শাড়ি কাপড় তুলে দেওয়া হয়।

আমঝুপিতে অমর একুশে ফেব্রুয়ারি

পালন

আমঝুপিতে অমর একুশে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। আজ বুধবার (২১ ফেব্রুয়ারি) ভোরে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

এসময় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন আমঝুপি ইউনিয়ন পরিষদের পক্ষে চেয়ারম্যানের জেষ্ট পুত্র মোঃ সেলিম রেজা, ইউপি সদস্য আবুল কাশেম, মকবুল হোসেন, আঃ মজিদ, বনিতা খাতুন, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহম্মদ আলী, আতিক থান্দার, ফয়জুল কবির, শরিফ আহমেদ, রাসেল আহমেদ, আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমীন, হাফিজুজজামান, রাফিউল, ফারাহ হোসেন লিটন, আসাদুল, রুবেল, নার্গিস, সাহানাজ, আমঝুপি আলীম মাদরাসার মাহাবুব আলম, আলামিন, শারফুল, শফিকুল, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, আসাদুল হক মন্টু, টুটুল, আঃ জলিল, আরফাজ হোসেন, মিল্টন, বাংলাদেশ কৃষকলীগ সভাপতি মহাবুব হক, ওয়াড সভাপতি নজরুল ইসলাম, আমঝুপি বিএডিসির পরিচালক জিয়াউর রহমান, আবু তাহের, ইকবাল হোসেন, আনিছুর রহমান, পাবলিক ক্লাবের সোহেল রানা সবুজ, শহিদুল ইসলাম সাগর প্রমুখ।

পরে সকালে ৭টার দিকে আমঝুপি ইউনিয়ন আওয়ামীলীগের কার্যালয়ের সামনে প্রধান অতিধি হিসেবে উপস্থিত থেকে জাতীয় পতাকা উত্তোলন করেন চেয়ারম্যান রোবহান উদ্দিন আহম্মেদ চুন্নু ।

এ সময় মতিয়ার রহমান, আনোয়ার সাদাত, মাহাবুব হক, আঃ জলিল, ফারুক, মন্টু, সাজ্জাদ হোসেন, রবিউলরাও উপস্থিত ছিলো।

আমঝুপিতে মেহেরপুর জেলা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]